



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোন : ৯৫৫৬৯৩১
৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫
e-mail : dgmaccounts1@krishibank.org.bd

কেন্দ্রীয় হিসাব বিভাগ

হিসাব পরিপত্র নং-২২/২০১৯

তারিখঃ ১৮.১২.২০১৯

- ১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
- ২। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
- ৩। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
- ৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
- ৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১৬.০৫.২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং ০৫ ও তদসংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহ মোতাবেক ঋণ পুনঃতফশীল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে এতদসংক্রান্ত সুবিধা সংশ্লিষ্ট ঋণ হিসাবসমূহের হিসাবায়ন পদ্ধতি প্রসংগে।

শিরোনামাধীন বিষয়ে অত্র ব্যাংকের ক্রেডিট বিভাগ-১ থেকে জারীকৃত ১৯.০৫.২০১৯ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১২/২০১৯ এর মাধ্যমে পৃষ্ঠাঙ্কনকৃত বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১৬.০৫.২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং ০৫ ও পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক থেকে জারীকৃত তদসংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহের প্রতি এবং অত্র ব্যাংক থেকে জারীকৃত এতদসংশ্লিষ্ট পরিপত্র/পত্রাদির প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। বাংলাদেশ ব্যাংকের বর্ণিত পরিপত্রের অনুচ্ছেদ নং ২(ক, খ, গ, চ), ৩(ক, খ, ঘ, ঙ) ও ৬(ঘ) এর আওতায় আবেদনকৃত/সুবিধাভোগী পুনঃতফশীলকৃত ঋণ হিসাবসমূহ এবং এককালীন এক্সিট ঋণ হিসাবসমূহের ক্ষেত্রে নিম্নোক্ত পর্যায়ক্রমিক ধারাবাহিক হিসাবায়ন ব্যবস্থা গ্রহণ করতে হবে :

- ২.০১। ৩১.১২.২০১৮ তারিখে সুনির্দিষ্ট খাত/উপখাতের অধীন মন্দ/ক্ষতিজনক শ্রেণীকৃত ঋণসমূহের ক্ষেত্রে পুনঃতফশীল/এককালীন এক্সিট সুবিধা গ্রহণের জন্য নির্ধারিত সময়ের মধ্যে ঋণগ্রহীতার আবেদন প্রাপ্তির পর ব্যাংক কর্তৃক ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক লেজার স্থিতি এবং ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি সহকারে সর্বমোট স্থিতি অনুযায়ী কার্যক্রম শুরু করতে হবে।

- বিআরপিডি সার্কুলার ৫ এর ২(খ)/৩(খ) অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক ঋণগ্রহীতার গৃহীত আবেদনপত্রের সঙ্গে ন্যূনতম ২% ডাউন পেমেন্ট নগদে গ্রহণ করতে হবে।

- উল্লেখ্য, ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক কোন ঋণ হিসাবের লেজার স্থিতি শূন্য থাকলে ঋণ হিসাবটির হিসাবকৃত মোট অনারোপিত সুদের ন্যূনতম ২% ডাউন পেমেন্ট এর সমপরিমাণ অর্থ দ্বারা স্থগিত সুদরূপে ঋণ হিসাবটি ডেবিট করে পুনঃতফশীল/এককালীন এক্সিট এর আওতায় ন্যূনতম ২% ডাউন পেমেন্ট নগদে গ্রহণ করতে হবে।

- ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি হিসাবায়ন নয় বরং শুধুমাত্র মেমোরেন্ডম আকারে সংরক্ষণ করতে হবে। ৩১.১২.২০১৮ তারিখের লেজার স্থিতির উপর ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত অনারোপিত সুদ দ্বারা তাত্ক্ষনিক লেজার স্থিতি বৃদ্ধি করা যাবে না, অর্থ্যাৎ হিসাবকৃত অনারোপিত সুদ হিসাবায়ন করা যাবে না।

- ম্যানুয়াল শাখার ক্ষেত্রে ঋণগ্রহীতার সংশ্লিষ্ট ফলিওতে “৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি” লিখে ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি মেমোরেন্ডম আকারে সংরক্ষণ করতে হবে।

- অফলাইন ও অনলাইন শাখার ক্ষেত্রে আইসিটি বিভাগের সহায়তা নেয়ার মাধ্যমে ঋণগ্রহীতার সংশ্লিষ্ট ফলিওর লিঙ্কেজ মেমোরেন্ডম তৈরীর মাধ্যমে “৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি” লিখে ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি মেমোরেন্ডম আকারে সংরক্ষণ করতে হবে।

- ম্যানুয়াল, অফলাইন ও অনলাইন সকল শাখার ক্ষেত্রে ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি **ভিন্ন লেজারে** মেমোরেন্ডম আকারে সংরক্ষণ করতে হবে।

- ২.০২। ম্যানুয়াল, অফলাইন ও অনলাইন নির্বিশেষে সকল শাখাকে পরিশিষ্ট-ক অনুযায়ী প্রস্তুতকৃত একটি কাঁচা রেজিস্টারে এতদসংশ্লিষ্ট সকল ঋণের তথ্য সংরক্ষণ করতে হবে। আলোচ্য সুবিধা চলাকালীন প্রতিটি পর্যায়ের (আবেদন থেকে শুরু করে ন্যূনতম ২% ডাউন পেমেন্টের তথ্যাদি, অনুমোদন ও মওকুফ সংক্রান্ত তথ্যাদি, আলোচ্য সুবিধার অধীনে মওকুফ অনুমোদন শর্তাবলীর আওতায় থাকা সাপেক্ষে ঋণ হিসাবটি বন্ধ হওয়া পর্যন্ত আদায় সংক্রান্ত) তথ্যাদি বিবরণী অনুযায়ী হালনাগাদ রাখতে হবে। মূল ঋণ হিসাব লেজার ফলিওতে এবং সংরক্ষিত কাঁচা রেজিস্টারে পরস্পর কন্ট্রা ফলিও নম্বর প্রদান করতে হবে। প্রতিটি শাখা একটিমাত্র সংরক্ষিত কাঁচা রেজিস্টারে তাঁর শাখার সকল তথ্য সংরক্ষণ করবে। যথাযথরূপে তথ্য সংরক্ষণের উদ্দেশ্যে প্রতিটি ঋণ হিসাবের জন্য ঋণের মেয়াদ/ধরণ/প্রকৃতি/পরিশোধ মেয়াদ/পরিশোধ পদ্ধতি ইত্যাদি বিষয়াদি বিবেচনা করতঃ শাখার রক্ষিত কাঁচা রেজিস্টারে পর্যাপ্ত পৃষ্ঠা বরাদ্দ রাখতে হবে।

চলমান পাতা-২

